তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
ইত্তেফাক

# আয়কর মেলায় উচ্ছ্বসিত স্কুলের শিক্ষার্থীরা

■ ইত্তেফাক রিপোর্ট

আয়কর সম্পর্কে ধারণা দিতে ও এ বিষয়ে আগ্রহ তৈরিতে এবার স্কুল-কলেজের শিক্ষার্থীদের আয়কর মেলা প্রাঙ্গণে আনা হচ্ছে। তাদের আয়করের মৌলিক বিষয় বুঝিয়ে দেয়া হচ্ছে। মেলা প্রাঙ্গণ ঘুরিয়ে বিভিন্ন বিষয়ে তাদেরকে জিজ্ঞাসার জবাবও দেয়া হচ্ছে। 'কর শিক্ষণ ফোরাম' নামে এ ব্যবস্থা ইতিমধ্যে শিক্ষার্থীদের মধ্যে দারুণ আগ্রহ তৈরি করেছে। উচ্ছ্বসিত শিক্ষার্থীরা বড় হয়ে কর দেয়ার আগ্রহও প্রকাশ করেছে।



গতকাল কর শিক্ষণ ফোরামে এসেছিল শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রায় ৫০ জন ছাত্রী। তাদের আয়কর বিষয়ে কর বিভাগের উর্ধ্বতন কর্মকর্তারা বিভিন্ন বিষয় বুঝিয়ে দেন। তারাও বিভিন্ন প্রশ্ন করে। কেন কর দিতে হয়, কর দিলে কিংবা না দিলে কী হয়, করের টাকায় কী হয়। এছাড়া কারা কর দেবেন, কত টাকা হলে আয়কর দিতে হয়, গাড়ি-বাড়ি থাকলে কর দিতে হয় কিনা, টিআইএন-আয়কর রিটার্নসহ এমন প্রয়োজনীয় জিজ্ঞাসার জবাব পায় তারা। তাদের জন্য ছিল আয়কর ও সমসাময়িক বিষয়ের উপর কুইজ প্রতিযোগিতা। এতে সঠিক উত্তরদাতা সেরা দশজনকে প্রাইজবন্ড পুরস্কারসহ অংশগ্রহণকারী সবাইকে পুরস্কৃত করা হয়। তাদের হাতে পুরস্কার তুলে দেন এটর্নি জেনারেল মাহবুবে আলম ও জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান নজিবুর রহমান। এরপর মেলা প্রাঙ্গণ ঘুরিয়ে দেখানোর পাশাপাশি মেলায় অবস্থিত বিভিন্ন বিভাগের বুথ সম্পর্কেও ধারণা দেয়া হয় ভবিষ্যতের এসব করদাতাদের। তাদের একজন নাফিজা তাবাসসুম বললো, কর মেলায় এসে খুবই ভালো লেগেছে। অনেক কিছু জানতে পেরেছি। বড় হয়ে আমিও কর দেব।

জানা গেছে, কর শিক্ষণ ফোরাম নিয়ে বিশেষ আগ্রহ রয়েছে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান নজিবুর রহমানেরও। গতকাল ইত্তেফাককে তিনি বলেন, কর বিষয়টি কিছুটা জটিল বলে অনেকে এ বিষয়ে আগ্রহী হন না। আমরা চাই এ বিষয়টিকে সহজ করে মানুষকে এতে আগ্রহী করে তুলতে। আর সুদূরপ্রসারী পরিকল্পনা হলো, ভবিষ্যৎ করদাতাদের শিক্ষা দেয়ার জন্য। এ জন্যই স্কুলের শিক্ষার্থীদের মেলা প্রাঙ্গণে আনা হয়েছে। তারা কর বিষয়ে জানতে খুবই উৎসাহী। বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এটি তার নির্দেশক।

কর শিক্ষণ ফোরামের সদস্য সচিব ও এনবিআরের যুগ্ম কমিশনার জেহাদ উদ্দিন ইত্তেফাককে বলেন, প্রতিদিনই মেলা প্রাঙ্গণে একটি করে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আসার সুযোগ করে দেয়া হচ্ছে। ইতিমধ্যে মোহাম্মদপুর প্রিপারেটরি স্কুল, সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, উদয়ন উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীরা কর মেলায় এসেছে। আজ ও আগামীকাল মেলায় আসবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের শিক্ষার্থী ও ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজের শিক্ষার্থীরা। ঢাকার বাইরের বিভিন্ন কর মেলায়ও বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরাও কর শিক্ষণ ফোরামে আসার মাধ্যমে আয়কর সম্পর্কে জানতে পারছে।

শিক্ষার্থী ও সংশ্লিষ্টরা জানিয়েছেন, কর শিক্ষণ ফোরামের এ উদ্যোগটি চমৎকার। এটি চলমান রাখার পাশাপাশি ভবিষ্যতে আরো বিস্তৃত করা প্রয়োজন। যাতে বেশি সংখ্যক স্কুলের শিক্ষার্থীকে কর সম্পর্কে জানার সুযোগ করে দেয়া যায়।

## বৃষ্টির বাগড়ায়ও করদাতাদের সরব উপস্থিতি, মেলা শেষ হচ্ছে কাল

**বৃষ্টির বাগড়ায়ও করদাতাদের সরব উপস্থিতি :**

গতকাল দিনভর গুঁড়ি গুঁড়ি বৃষ্টির ভোগান্তির মধ্যেও মেলা প্রাঙ্গণে করদাতাদের সরব উপস্থিতি ছিল। অনেক মেলায় আয়কর রিটার্ন পূরণ করে জমা দেয়া, টিআইএন নেয়াসহ আয়কর সংক্রান্ত সব ধরনের কাজ করার সুবিধা থাকায় বৃষ্টি মাথায় নিয়েও করদাতারা মেলায় এসেছেন। এনবিআর চেয়ারম্যান নজিবুর রহমান বলেন, ব্যাংকে করের টাকা জমা দিতে করদাতাদের ভিড় লেগে গেছে।

### ৫ দিনে কর আদায় ১ হাজার ৪১৭ কোটি টাকা

গতকাল পর্যন্ত আয়কর মেলার ৫ দিনে দেশব্যাপী ৬ লাখ ৩৮ হাজার ব্যক্তি সেবা নিয়েছেন। এর মধ্যে ১ লাখ ২১ হাজার ১৩১ জন করদাতা মেলায় তাদের আয়কর রিটার্ন জমার বিপরীতে ১ হাজার ৪১৭ কোটি টাকা আয়কর দিয়েছেন। তবে এবার গতবারের তুলনায় নতুন টিআইএন নেয়ার হার অনেক বেশি। গত চারদিনে মেলা থেকে টিআইএন নেয়ার হার বেড়েছে ১৪৫ শতাংশ। এ পর্যন্ত ২৭ হাজার ২২২ জন নতুন করে টিআইএন নেয়ার মাধ্যমে আয়করের খাতায় নিবন্ধিত হয়েছে। গতবার আয়কর মেলার প্রথম পাঁচ দিনে টিআইএন নিয়েছিলেন ১১ হাজার ১০৭ জন। এনবিআর থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। আগামীকাল সোমবার আয়কর মেলা শেষ হচ্ছে।